দৈনিক বাংলা

তারিখ 04 SEP 1995
পৃষ্ঠা ৭ কলাম ২

12

# নির্মাণের ৩ মাসের মধ্যে ১০টি স্কুলের বিজ্ঞান ভবনে ফাটল

নিজস্ব সংবাদদাতা ঃ চাঁপাই-নওয়াবগঞ্জ।–৮০ লাখ টাকা ব্যয়ে ১০টি স্কুলের বিজ্ঞান ভবন নির্মাণের তিন মাসের মধ্যে বড় বড় ফাটলের সৃষ্টি হয়েছে। ছাদ দিয়ে পানি পড়ছে ও দেয়ালের প্লাস্টার খসে যাচ্ছে। গর্ত হয়ে মেঝের আস্তরণ উঠে যাচ্ছে।

নাচোল থানার ১০টি বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ বিভাগ তিন কক্ষ বিশিষ্ট এইসব বিজ্ঞান ভবন নির্মাণ করেছে। বিশেষ করে কানপাড়া কাজলা উচ্চ বিদ্যালয়, খ, ম উচ্চ বালিকা বিদ্যালয় ও নাচোল পাইলট উচ্চ বিদ্যালয়ের অবস্থা আরও করুন। ছাত্র ছাত্রীরা এইসব ভবনে ক্লাস করতে অস্বীকার করেছে। ভবনের বড় বড় ফাটল দেখে আতঙ্কগ্রস্ত ছাত্র ছাত্রীরা ভয় পাচ্ছে। সৃষ্ট ফাটলের কারণে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

ক্ষতিগ্রস্ত এইসব স্কুলের প্রধান শিক্ষকগণ জানিয়েছেন, এইসব ভবন নির্মাণের সময় বার বার তাগিদ দেবার পরেও ঠিকাদারসহ সংশ্লিষ্ট কাজের তদারককারী উপসহকারী প্রকৌশলী নক্সা ও শিডিউল দেখতে দেয়নি। এমনকি নির্মাণ কাজের সময় নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহারে বাধা দিয়েও কাজ হয়নি। উপরন্তু হুমকি দিয়েছে কাজ বন্ধ রেখে চলে যাবে। তাই ঠিকাদার ইচ্ছামত কাজ করেছে।

গত ১২ আগস্ট নাচোল থেকে নির্বাচিত সংসদ সদস্য সৈয়দ মঞ্জুর হোসেন ও শিক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন ও গবেষণা সেলের প্রধান যৌথভাবে এইসব ভবন পরিদর্শনকালে বিস্ময় প্রকাশ করেন।

এখানে উল্লেখ্য, এই জেলায় দীর্ঘদিন ধরে ডিগ্রীপ্রাপ্ত সহকারী প্রকৌশলী নেই। একজন ডিপ্লোমা প্রকৌশলী জেলার চলতি দায়িত্ব পালন করলেও তিনি বছরের পর বছর ধরে রাজশাহীতে অবস্থান করায় ফ্যাসিলিটিজ বিভাগের উন্নয়ন কাজ পরিদর্শন ও তদারকী হয় না। ফলে ঠিকাদারেরা ইচ্ছামত নিম্নমানের কাজ করে বিল নিয়ে কেটে পড়ে।